# তা'মীরুল মিল্লাত কামিল মাদ্‌রাসা, ঢাকা

**বর্ষ সমাপনী অনলাইন পরীক্ষা-২০২০**

**বিষয় কোড: ২৩৬**

**শ্রেণি: আলিম ১ম বর্ষ**

**বিষয় বাংলা ১ম পত্র (সৃজনশীল)**

**সময় ২ ঘন্টা ৩০ মিনিট** **পূর্ণমান-৭০**

**[দ্রষ্টব্য: গদ্যাংশ থেকে চারটি ও কবিতাংশ থেকে তিনটি মোট সাতটি উদ্দীপকের প্রশ্নের উত্তর দিতে হইবে]**

**গদ্যাংশ**

১। মিজানুল হক চৌধুরি একজন পদস্থ কর্মকর্তা। খুব সাধারণ জীবনযাপনে অভ্যস্ত তিনি। তার পোশাক পরিচ্ছদ ও বাজার সদাই নিয়ে সহকর্মীদের অনেক তির্যক মন্তব্য সে শোনে। কিন্তু মুখের উপর তাদের জবাব দিতে কখনো ভুল করেন না তিনি। সহকর্মীদের উদ্দেশ্যে প্রায়ই তিনি বলেন, 'মন পরিষ্কার না থাকলে বাহ্যিক পরিচ্ছন্নতা দিয়ে কী হবে ? আপনারা যদি আমার চেয়ে ভালো থাকতেন, তবে না হয় আপনাদের কথা আমলে নিতাম'।

ক. 'আমার পথ' প্রবন্ধ অনুসারে লেখককে কে তার পথ দেখাবে ? ১

খ'. মিথ্যা বিনয়ের চেয়ে অহঙ্কার অনেক ভালো'- কেন ? ২

গ. উদ্দীপকের সহকর্মীদের মাঝে 'আমার পথ' প্রবন্ধের কোন দিকটি প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. মিজানুল হক চৌধুরীর মানসিকতায় 'আমার পথ' প্রবন্ধের বিষয়বস্তুরই প্রতিফলন ঘটেছে কি? মূল্যায়ন কর। ৪

২। মিছিলটা তখন মেডিকেলের গেট পেরিয়ে কার্জন হলের কাছাকাছি এসে গেছে। তিনজন আমরা পাশাপাশি হাঁটছিলাম। রাহাত শ্লোগান দিচ্ছিল। আর তপুর হাতে ছিল একটা মস্ত প্ল্যাকার্ড। তার উপর লালকালিতে লেখা ছিল 'রাষ্ট্রভাষা বাংলা চাই'। মিছিলটা হাইকোর্টের মোড়ে পৌছুঁতে অকস্মাৎ আমাদের সামনের লোকগুলো চিৎকার করে পালাতে লাগল চারপাশে। ব্যাপারটা কী বুঝবার আগেই চেয়ে দেখি প্ল্যাকার্ডসহ মাটিতে লুটিয়ে পড়েছে তপু। কপালের ঠিক মাঝখানটায় গোল একটা গর্ত। আর সে গর্ত দিয়ে নির্ঝরের মতো রক্ত ঝরছে তার।

ক. প্লুরিসিস রোগ হয়েছিল কা ১

খ. 'আমরা অনশন ভাঙবো না'- উক্তিটি বুঝিয়ে দাও। ২

গ. উদ্দীপকের সাথে পাঠ্যবইয়ের 'বায়ান্নর দিনগুলো' শীর্ষক আত্মজীবনীমূলক রচনার পটভূমিগত দিকটি ব্যাখ্যা কর। ৩

ঘ."উদ্দীপকে গল্পকথকের জবানীতে বর্ণিত মহান একুশের ভাষাচিত্রটির সাথে 'বায়ান্নর দিনগুলো' রচনাটির কথক ও কাহিনীর ভিন্নতা রয়েছে- তোমার মতামত সহ মন্তব্যটি যাচাই কর। ৪

৩। তরুতলে বসে পান্থ শ্রান্তি করে দূর
ফল আস্বাদনে পায় আনন্দ প্রচুর।
বিদায়ের কালে হাতে ডাল ভেঙ্গে লয়।
তরু তবু অকাতর কিছু নাহি কয়
দুর্লভ মানব জন্ম পেয়েছো যখন
তরুর আদর্শ কর জীবণে গ্রহণ
পরার্থে আপন সুখ দিয়ে বিসর্জন
তুমিও হওগো ধন্য তরুর মতন।

ক. সাধনার ব্যাপারে বড় জিনিস কী ? ১

খ. 'অনবরত ধেয়ে চলা মানুষের সাধনা হওয়া উচিত নয়'- কেন বুঝিয়ে দাও। ২

গ. উদ্দীপকের সঙ্গে 'জীবন ও বৃক্ষ' প্রবন্ধটি কীভাবে সামঞ্জস্যপূর্ণ ? ৩

ঘ. 'জীবন ও বৃক্ষ' প্রবন্ধে বিকাশ ও দানের কথা বর্ণিত হলেও উদ্দীপকে শুধুই ত্যাগের মহিমা কীর্তন করা হয়েছে- বিশ্লেষণ কর। ৪

৪। অভাব অনটনের কারণে ৫ম শ্রেণি পাশের পর পড়ালেখা চালিয়ে যাওয়া সম্ভব হয়নি শরীফের। এক আত্মীয়ের মাধ্যমে ঢাকায় এ অভিজাত পরিবারে ভৃত্যের কাজ নেয়। বাড়িওয়ালা প্রতি বছরেই দু'একটা শিল্পকারখানা গড়ে তুলেছেন। তার ছেলেমেয়েরা প্রত্যেকে নিজস্ব গাড়ি দিয়ে চলাফেরা করে আর বন্ধু বান্ধবদের পিছনে হাজার হাজার টাকা খরচ করে। অথচ শরীফ প্রতিমাসে নিয়মিত বেতন পায় না। গত ক'দিন আগে সে বেতন বাড়ানোর দাবি করলে বাড়িওয়ালা সাফ জানিয়ে দেয় 'এ বেতনে পোষালে চাকরি কর, না হয় চলে যাও'।

ক. 'বিড়াল' গল্পে বর্ণিত দেয়ালের উপর কী প্রেৎবত নাচিতেছে ? ১

খ. "আমাকে প্রহার না করিয়া আমার প্রশংসা কর"-বিড়াল কেন এ কথা বলেছে ? বুঝিয়ে লেখ। ২

গ. উদ্দীপকের বাড়িওয়ালার সাথে 'বিড়াল' রচনার কার সাদৃশ্য রয়েছে ? ব্যাখ্যা কর। ৩

ঘ."উদ্দীপকের শরীফ ও বিড়ালের নিয়তি যেন একই সূত্রে গাঁথা"- যুক্তি দিয়ে বুঝিয়ে দাও। ৪

৫। বিয়ের পর থেকেই যৌতুকের জন্য সুমির উপর নানারকম নির্যাতন চালায় ওর শ্বশুর শাশুড়ি। ওর স্বামী অনন্ত সবকিছু জানার পর কোনো প্রতিবাদ করে না। একপর্যায়ে স্বামী সংসার ছেড়ে সুমি চলে যায় বাবার বাড়ি। অনন্ত হন্তদন্ত হয়ে শ্বশুর বাড়িতে গিয়ে শত মিনতি করলেও সুমি আর স্বামীর বাড়িতে ফিরে আসে না।

ক.বিনুদাদার ভাষা কেমন ? ১

খ.'সেই সুরটি যে হৃদয়ের মাঝে আজও বাজিতেছে'- ব্যাখ্যা কর। ২

গ.উদ্দীপকের অনন্তের মধ্যে অনুপমের চরিত্রের যে দিকটি ফুটে উঠেছে তা ব্যাখ্যা কর। ৩

ঘ.উদ্দীপকের অনন্ত ও 'অপরিচিতা' গল্পের অনুপম অন্যায়ের প্রতিবাদ করলে দু'জনের জীবনই বদলে যেত- মন্তব্যটি পর্যালোচনা কর। ৪

৬। বাংলাদেশের কুটির শিল্পকে সমৃদ্ধ করেছে নকশি কাঁথা। গ্রামের মেয়েরা সুঁচ সুতার সাহায্যে অপূর্ব নকশা তোলে কাপড়ে। এই নকশি কাঁথা নিয়ে কাব্য রচিত হয়েছে। বিদেশে রপ্তানি হয় নকশি কাঁথা। এভাবে দরিদ্র মেয়েরা স্বাবলম্বী হয়ে উঠেছে। শহরেও কুটির শিল্পের জনপ্রিয়তা বাড়ছে। এটি এখন একটি লাভজনক ব্যবসা। এর ফলে আমাদের লোকশিল্প তার হারানো গৌরব ফিরে পাচ্ছে।

ক.'টেকো' শব্দের অর্থ কি ? ১

খ."শিরে দিয়ে বাকা তাজ ঢেকে রাখে টাক"-বলতে লেখক কী বুঝিয়েছেন ? ২

গ.উদ্দীপকের কোন দিকটি 'চাষার দুক্ষু' প্রবন্ধে প্রতিফলিত হয়েছে আলোচনা কর। ৩

ঘ.উদ্দীপকের অন্তনির্হিত তাৎপর্যটি 'চাষার দুক্ষু' প্রবন্ধের আলোকে বিশ্লেষণ কর। ৪

## কবিতাংশ

৭। বর্ষায় বাংলার প্রকৃতি যেন ভিন্ন এক রূপের পসরা সাজায়। বিলের বুকে কলমিলতা শাপলার অনাবিল সৌন্দর্য পানকৌড়ির লুকোচুরি, - কার না ভালো লাগে। কিন্তু শিল্পী নাজমা বিলের ধারে বেড়াতে এসেও যেন কেন আনমনা হয়ে আছেন। এমনি এক বর্ষায় নৌকাডুবিতে চিরতরে হারিয়ে যায় তার স্নেহের দু'টি ভাইবোন। শাপলা শালুকভরা শাশ্বত বাংলার বর্ষা প্রকৃতি দেখে আজ তাই কণ্ঠশিল্পী নাজমার কণ্ঠে ধ্বনিত হয় না কোনো গান। তার হৃদয় জুড়ে শুধুই বিষন্নতা।

ক.'তাহারেই পড়ে মনে' কবিতাটি প্রথম কোন পত্রিকায় প্রকাশিত হয় ? ১

খ.'কুহেলি উত্তরী তলে মাঘের সন্ন্যাসী - পংক্তিটির তাৎপর্য আলোচনা কর। ২

গ."উদ্দীপকের কণ্ঠশিল্পী নাজমার সাথে কবি বেগম সুফিয়া কামালের শিল্পী সত্তার মিলটি ব্যাখ্যা কর। ৩

ঘ.'তাহারই পড়ে মনে' কবিতার সাথে উদ্দীপকের বিষয়বস্তুর প্রচুর বৈসাদৃশ্য রয়েছে- বিশ্লেষণ কর। ৪

৮। ফিলিস্তিনের পশ্চিম তীরবর্তী রামাল্লার একটি গ্রামে এক নারী ইসরায়েল-ফিলিস্তিন যুদ্ধে ব্যবহৃত খোলস ব্যবহার করে তা দিয়ে ফুল চাষ করে সাজিয়ে তুলেছেন নিজের বাগান। এ যেন এক অভিনব প্রতিবাদ যুদ্ধের ভয়াবহতার বিরুদ্ধে। যে গ্রেনেড যুদ্ধে কেবল ধ্বংসের কাজে ব্যবহার করা হয়, সেই গ্রেনেডের খোলসে ফুলের চাষ যেন অস্ত্র, রক্ত আর ক্ষমতার দাপটে গড়ে উঠা আধুনিক বিশ্বের ভয়াবহতার মুখে চপেটাঘাত। আর এই আঘাত যেন যুদ্ধের বদলে ভালোবাসার জবাব।

ক.'অমোঘ অনন্য' অস্ত্র কী ? ১

খ.'সভ্যতার সেই প্রতিশ্রুতি'-বলতে কবি কোন বিষয়ের প্রতি ইঙ্গিত করেছেন ? ২

গ.উদ্দীপকের বর্ণিত নারীর দৃষ্টিভঙ্গির সাথে 'সেই অস্ত্র' কবিতার কবির দৃষ্টিভঙ্গির সাদৃশ্য দেখাও। ৩

ঘ. উদ্দীপক এবং'সেই অস্ত্র' কবিতার মূল প্রতিপাদ্য বিষয় হচ্ছে 'যুদ্ধ নয় শান্তি, অস্ত্র নয় ভালোবাসা– উক্তিটির যথার্থতা বিচার কর। ৪

৯। 'ধনধান্যে পুষ্পভরা আমাদের এই বসুন্ধরা
তাহার মাঝে আছে দেশ এক সকল দেশের সেরা
ও সে স্বপ্ন দিয়ে তৈরি সে দেশ স্মৃতি দিয়ে ঘেরা
এমন দেশটি কোথাও খুঁজে পাবে নাকো তুমি
সকল দেশের রাণি সে যে আমার জন্মভূমি'।

ক.'বরুণের স্ত্রীর নাম কী ? ১

খ.কবির জন্মভূমির মত এত সুন্দর ভূমি খুঁজে পাওয়া যাবে না কেন ? ২

গ.উদ্দীপকের প্রথম চরণের সাথে 'এই পৃথিবীতে এক স্থান আছে' - কবিতার সাদৃশ্য নিরুপণ কর। ৩

ঘ.উদ্দীপকের আলোকে 'এই পৃথিবীতে এক স্থান আছে' কবিতার মূলভাব প্রতিফলিত হয়েছে উক্তিটির পক্ষে মতামত দাও। ৪

১০। "বহুরূপে সন্মুখে তোমার ছাড়ি কোথা খুঁজিছ ঈশ্বর
জীবে প্রেম করে যেইজন সেইজন সেবিছে ঈশ্বর"।

ক.কে মহাবেদনার ডাক শুনতেন ? ১

খ.তোমার হৃদয় বিশ্বদেউল সকল দেবতার- একথা বলা হয়েছে কেন ? ২

গ.উদ্দীপকের মূল বৃক্তব্যের সাথে 'সাম্যবাদী' কবিতার মূলবক্তব্য কতটুকু সামঞ্জস্যপূর্ণ? আলোচনা কর। ৩

ঘ.সাম্যবাদী কবিতায় কবির মনের কথাই যেন আলোচ্য উদ্দীপকের সারকথা- মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

১১। শামসুল কবীর তাঁর স্ত্রীর মৃত্যুর পর ছেলেমেয়ে দু'টোকে অপার আদরস্নেহে বড় করেছেন।কিন্তু তারা বড় হয়ে তাদের বাবার কথার অবাধ্য হয়ে বিভিন্ন উচ্ছৃঙ্খল কাজে জড়িয়ে পড়ে।বাবা তাদের ফেরাতে পারেন না। তিনি ভেতরে ভেতরে কষ্ট পান। ভাবেন ছোটবেলা থেকে শুধু আদর না দিয়ে পাশাপাশি যদি শাসনটাও করতেন তাহলে হয়তো আজকের এ পরিস্থিতি সৃষ্টি হতো না। সঠিক নেতৃত্বদান পরিবার সমাজ জাতি রাষ্ট্র সর্বত্রই প্রয়োজন।

ক. পাঞ্জেরী কবিতা কোন ছন্দে রচিত ? ১

খ. মুসাফির দল 'পেরেশান'- কেন ? ২

গ. উদ্দীপকের বাবার ব্যর্থতার দিকটির সাথে 'পাঞ্জেরী' কবিতার কোন দিকটির মিল পাওয়া যায়-ব্যাখ্যা কর। ৩

ঘ. 'সঠিক নেতৃত্বদান পরিবার সমাজ জাতি রাষ্ট্র সর্বত্রই প্রয়োজন'-মন্তব্যটি কি যৌক্তিক ? আলোচনা কর। ৪